

## যুগোপযোগী পাঠ্যক্রম প্রণয়ন করতে হবে

নিজস্ব প্রতিবেদক

২ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১ জুলাই ২০১৯ ২০:৩৩



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি) যুগোপযোগী পাঠ্যক্রম প্রণয়নের নির্দেশনা দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, এনসিটিবিকে শিক্ষাক্রম নির্ধারণ করার ক্ষেত্রে কনটেন্ট যুগোপযোগী হতে হবে। বিষয়বস্তু অবশ্যই চতুর্থ শিল্পবিপ্লব মোকাবিলা করার মতো উপযোগী হতে হবে। শিক্ষার্থীদের মানসিক অবস্থা বিবেচনায় নিয়ে পাঠ্যপুস্তক প্রণয়ন করতে হবে। গতকাল এনসিটিবিতে ২০১৯-২০ শিক্ষাবর্ষের একাদশ ও দ্বাদশ শ্রেণির পাঠ্যবই ‘বাংলা সাহিত্য পাঠ’, ‘বাংলা সহপাঠ’ ও ‘ইংরেজি বই’য়ের বাজারজাতকরণের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, এনসিটিবি অন্যান্য সরকারি অফিসের মতো কোনো প্রতিষ্ঠান নয়। এটি একটি বিশেষায়িত প্রতিষ্ঠান। এখানে যারা চাকরি করেন, তাদের দায়িত্বশীল হতে হবে। এই প্রতিষ্ঠানের মাধ্যমে আমাদের নতুন প্রজন্মকে গড়ে তোলার জন্য শিক্ষাক্রম নির্ধারণ করা হয়। এনসিটিবি চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহার সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন প্রমুখ।